অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/15/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল শিক্ষার্থীদের সমর্থনে SUNY ক্যাম্পাসসমূহে 9 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ফেডারেল তহবিল প্রদানের ঘোষণা করলেন

টাইটেল III অনুদান তহবিলটি নিম্ন আয়ের শিক্ষার্থীদেরকে তাদের কলেজ ডিগ্রি অর্জনের পথে সাহায্য করার জন্য ক্যাম্পাসসমূহের সক্ষমতাকে বৃদ্ধি করতে সাহায্য করে

টাইটেল V অনুদান তহবিলটি হিস্প্যানিক সেবা প্রতিষ্ঠানগুলিকে শিক্ষার্থীদের জন্য শিক্ষামূলক সুযোগ বৃদ্ধি করতে দেয়

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে একটি কলেজ ডিগ্রি অর্জন করার পথে শিক্ষার্থীদের সাহায্য করার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগ (United States Department of Education) চারটি নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) ক্যাম্পাসসমূহকে 9 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ফেডারেল তহবিল প্রদান করেছে। SUNY ওসওয়েগো (SUNY Oswego), SUNY ইরি কমিউনিটি কলেজ (Erie Community College, ECC), এবং ফুলটন-মন্টগোমারি কমিউনিটি কলেজকে (Fulton-Montgomery Community College, FMCC) টাইটেল III প্রতিষ্ঠান বলীয়ানকরণ কর্মসূচির (Strengthening Institutions Program Grants, SIP) অনুদান, এবং SUNY ওয়েস্টচেস্টার কমিউনিটি কলেজকে (Westchester Community College) একটি টাইটেল V উন্নয়নশীল হিস্প্যানিক সেবা প্রতিষ্ঠান কর্মসূচির (Developing Hispanic-Serving Institutions Program) অনুদান প্রদান করা হয়েছে।

"মানসম্পন্ন, সাশ্রয়ী সরকারি উচ্চতর শিক্ষা পাওয়ার সুযোগ পেলে তা জীবন বদলে দিতে পারে এবং আমাদের তরুণ নিউ ইয়র্কবাসীকে সাফল্যের পথে স্থাপন করতে পারে," **গভর্নর হোকল বলেন।** "শিক্ষা বিভাগের গুরুত্বপূর্ণ তহবিলের কারণে, আমরা পুরো SUNY সিস্টেমে রূপান্তরকারী বিনিয়োগ করা অব্যাহত রাখতে পেরেছি যা প্রতিবন্ধকতা উপার্জন করবে এবং উচ্চতর শিক্ষা পাওয়ার সুযোগ বৃদ্ধি করবে।"

SUNY রূপান্তর তহবিলের (SUNY Transformation Fund) মাধ্যমে এই বছর SUNYতে গভর্নরের ঐতিহাসিক বিনিয়োগের ফলে, ক্যাম্পাসগুলি এখন উপদেশ, পরিবহন, চাইল্ডকেয়ার, এবং আর্থিক সহায়তার মতো র‍্যাপঅ্যারাউন্ড সেবা সম্প্রসারিত করতে পারছে। অনুদানসমূহ সেই কাজের অনুবর্তী।

SUNY চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র বলেন, "উচ্চতর শিক্ষা কমিউনিটি কলেজ থেকে শুরু করে চার বছরের প্রতিষ্ঠান পর্যন্ত সকলের জন্য বৈচিত্র্যময় শিক্ষামূলক সুযোগ প্রদানের ক্ষেত্রে একটি অত্যাবশ্যকীয় ভূমিকা পালন করে। টাইটেল III এবং টাইটেল V থেকে পাওয়া এই অনুদানসমূহ নিম্ন আয়ের ব্যাকগ্রাউন্ডের শিক্ষার্থীদের জন্য উচ্চতর অ্যাক্সেসিবিলিটি পাওয়ার সুযোগ বৃদ্ধি করার ক্ষেত্রে SUNY ওসওয়েগো, SUNY ইরি, ফুলটন-মন্টগোমারি এবং ওয়েস্টচেস্টার কমিউনিটি কলেজের সক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করবে। অনুদান পাওয়া চারটি প্রতিষ্ঠানের প্রত্যেকটিকে অভিনন্দন, এগুলি হলো সমতার এবং বৈচিত্র্যময় শিক্ষামূলক পরিবেশ নিশ্চিত করার জন্য প্রতিষ্ঠানগুলির অবিচল প্রতিশ্রুতির একটি প্রমাণস্বরূপ।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "SUNY স্কুলগুলি পুরো নিউ ইয়র্কের হাজার হাজার শিক্ষার্থীকে একটি বলিষ্ঠ উচ্চতর শিক্ষা এবং এটি ভালো বেতনের চাকরি নিশ্চিত করার সুযোগ প্রদান করে। শিক্ষা বিভাগের এই তহবিল কলেজ ডিগ্রি অর্জনের পথে শিক্ষার্থীদেরকে অত্যাবশ্যকীয় সমর্থক সেবা প্রদানে সাহায্য করবে। SUNY স্কুলগুলিতে শিক্ষা বিভাগের এই বিনিয়োগ দেখে আমি গর্বিত এবং নিউ ইয়র্কের সকল শিক্ষার্থীর কাছে যাতে সফল হওয়ার জন্য তাদের প্রয়োজনীয় সংস্থান থাকে তা নিশ্চিত করার লড়াই আমি অব্যাহত রাখবো।"

প্রতিনিধি ব্রায়ান হিগিন্স বলেন, "ECC এর জন্য 2 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থসহ, SUNY স্কুলগুলিতে এই ফেডারেল বিনিয়োগ শিক্ষার্থীদেরকে সুযোগ এবং কর্মক্ষেত্রে সাফল্যের পথে স্থাপন করে দিবে। শিক্ষাকে সকলের জন্য সহজলভ্য করতে এবং একটি দক্ষ কর্মীবাহিনীর মাধ্যমে অর্থনীতির উন্নতি করতে গভর্নর হোকলের অব্যাহত মনোযোগের জন্য আমি তার প্রশংসা করছি।"

এইসব অত্যন্ত কাঙ্ক্ষিত অনুদানের জন্য বিবেচিত হওয়ার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগ পুরো দেশের কলেজসমূহের যথাযথ পর্যালোচনা করে থাকে। প্রতিষ্ঠান বলীয়ানকরণ কর্মসূচির অনুদান একটি প্রতিষ্ঠানের একাডেমিক মান, প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা, এবং আর্থিক স্থিতিশীলতা উন্নত ও বলীয়ান করার জন্য তহবিল প্রদান করে। পরিকল্পনা, অনুষদের বিকাশ, বৃত্তিদানের তহবিল স্থাপন, প্রশাসনিক ব্যবস্থাপনা, এবং একাডেমিক কর্মসূচির বিকাশ ও উন্নয়নের জন্য তহবিল ব্যবহার করা যেতে পারে। অন্যান্য প্রকল্পের মধ্যে রয়েছে শিক্ষামূলক ফ্যাসিলিটির যৌথ ব্যবহার, নির্মাণ, রক্ষণাবেক্ষণ, এবং একাডেমিক সাফল্য বৃদ্ধি করার জন্য তৈরি শিক্ষার্থী সেবা কর্মসূচি।

SUNY ওসওয়েগো
ক্যাম্পাসের "শিক্ষার্থী সাফল্যে সমতা প্রকল্পের (Student Success Equity Project)" জন্য SUNY ওসওয়েগো প্রায় 1.9 মিলিয়ন মার্কিন ডলার টাইটেল III অনুদান ব্যবহার করবে। শিক্ষার্থীদের একাডেমিক সাফল্যে সমতার শূন্যস্থান পূরণ করার মাধ্যমে সকল ওসওয়েগো শিক্ষার্থীকে জড়িতকরণ , ধরে রাখা, এবং গ্র্যাজুয়েট করানোর জন্য SUNY ওসওয়েগোর প্রতিশ্রুতি আরো অগ্রসর করতে প্রকল্পটি তৈরি করা হয়েছে। এই প্রকল্পে, একটি অন্তর্ভুক্তিকর সম্প্রদায় গঠন, একাডেমিক অর্জন বৃদ্ধি করা, এবং সকল শিক্ষার্থী, বিশেষ করে প্রথম বর্ষের এবং সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের জন্য আর্থিক অ্যাক্সেসিবিলিটি বৃদ্ধি করার জন্য ক্যাম্পাস প্রমাণভিত্তিক কৌশলের বিকাশ ও বাস্তবায়ন করবে। অন্তর্ভুক্তিকর শিক্ষাবিদ্যায় অনুষদের শক্তি বৃদ্ধির মাধ্যমে শ্রেণীকক্ষে শিক্ষার্থীর সাফল্য বৃদ্ধি করা এবং এন্ট্রিলেভেল গণিত কোর্সে উদ্ভাবনী,

সম্পৃক্ত পিয়ার-টু-পিয়ার টিউটিউরিং কর্মসূচি গঠন করা হবে SUNY ওসওয়েগোর উদ্দেশ্য। এছাড়াও শিক্ষার্থীদের প্রয়োজনের প্রতি সাড়াদান করবে এমন একটি আর্থিক সাক্ষরতা পিয়ার মেন্টর কর্মসূচি শুরু করা, সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের আরো ভালোভাবে সমর্থন করবে এমন একটি সার্বিক বৃত্তি কৌশল গঠন করা, এবং গ্র্যাজুয়েশনের পথ সংক্ষিপ্ত করতে পূর্বের শিক্ষার জন্য ক্রেডিট প্রদান করতে একটি পোর্টফোলিও কর্মসূচি বিকাশের মাধ্যমে SUNY ওসওয়েগো সকল শিক্ষার্থীর জন্য আর্থিক অ্যাক্সেসিবিলিটি সমর্থন করবে।

SUNY ওসওয়েগো প্রেসিডেন্ট পিটার ও. নুওসু বলেন, "আমরা একটি বড় অনুদান পাচ্ছি বলে আমি অতি আনন্দিত, এটি আমাদের অ্যাক্সেস এবং সুযোগ মিশনকে সমর্থন করবে এবং আমাদের প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের অভিজ্ঞতাকে উন্নত করবে। শিক্ষার্থীদের সাফল্য SUNY ওসওয়েগোতে একটি সার্বিক দায়িত্ব এবং জীবন রূপান্তরিত করা এবং নতুন সুযোগের ইন্ধন প্রদান করার ওসওয়েগো প্রতিশ্রুতি আরো অগ্রসর করার জন্য প্রয়োজনীয় সংস্থান এই অনুদানটি প্রদান করবে।"

SUNY ইরি কমিউনিটি কলেজ

SUNY ইরি তাদের "এখানে শুরু করে যেকোনো স্থানে যাও (Ability to Start Here and Go Anywhere)" কর্মসূচিটি উন্নত করার জন্য পাঁচ বছর ধরে 2.2 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান তহবিলটি ব্যবহার করার পরিকল্পনা করে। প্রকল্পটি শিক্ষার্থীদের ক্ষমতায়ন, বৈচিত্র্য ও অন্তর্ভুক্তি, এবং ক্যারিয়ারের সাফল্যের প্রসার করা একটি উদ্ভাবনী শিক্ষা সংস্থান হিসেবে কাজ করার জন্য SUNY ইরির ভিশনের সাথে মিলে যায় এবং এটিকে উল্লেখযোগ্য পরিমাণ অগ্রসর করে। ওরিয়েন্টেশন অংশগ্রহণ বৃহদী করা, গেটকিপার কোর্স সম্পূর্ণ করা বৃদ্ধি করা, ধরে রাখার হার বৃদ্ধি করা, এবং বিশেষ করে সংখ্যালঘু, প্রথম প্রজন্মের, এবং অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের জন্য গ্র্যাজুয়েশনের ফলাফল উন্নত করার জন্য টাইটেল III SIP অনুদানটি SUNY ইরিকে গবেষণাভিত্তিক কৌশল বাস্তবায়ন করতে দিবে। একত্রে গৃহীত হলে এই উদ্যোগসমূহ গ্র্যাজুয়েশন হার বৃদ্ধি করতে কলেজের প্রয়াসকে প্রত্যক্ষভাবে সমর্থন করবে। আগামী পাঁচ বছর ধরে শিক্ষার্থী, অনুষদ, কর্মী, এবং সম্প্রদায়ের অংশীদারদের নিয়ে একত্রে অনুদান উদ্যোগসমূহ বাস্তবায়িত করতে SUNy ইরি উন্মুখ।

SUNY ইরি কমিউনিটি কলেজ প্রেসিডেন্ট আডিয়াম সেগাই বলেন, "আমরা অত্যন্ত কৃতজ্ঞ যে যথাযথ পর্যালোচনার পর হিসেবে আমাদের প্রতিষ্ঠান, শিক্ষক, ও শিক্ষার্থীরা শিক্ষা বিভাগের নিকট শিক্ষার্থীদের সাফল্যের প্রতি নিবেদিত হিসেবে স্বীকৃতি পেয়েছে। আমাদের শিক্ষার্থীরা তাদের একাডেমিক লক্ষ্য অর্জনে অসাধারণ নিবেদন, অধ্যবসায় প্রদর্শন করে, এবং সেই পথে বহু ধরনের সমস্যার মোকাবেলা করে। টাইটেল III এবং টাইটেল V অনুদানসমূহ আমাদেরকে সকল শিক্ষার্থীকে প্রতিবন্ধকতা নির্মূল এবং শিক্ষার মধ্যমে তাদের জীবন রূপান্তরিত করতে সাহায্য করার জন্য আমাদের মিশনকে আরো ভালোভাবে প্রয়োগ করতে দিবে।"

ফুলটন-মন্টগোমারি কমিউনিটি কলেজ

শিক্ষার্থীদের অর্জন, সাফল্য, ও শিক্ষা সম্পূর্ণ করা উন্নত করতে; "একটি জড়িত এবং ডেটাচালিত সংস্কৃতি চালনা করার জন্য FMCC পার্থক্য ব্যবহার করার (Leveraging the FMCC Difference to Drive an Engaged and Data-Driven Culture)" মাধ্যমে ডেটা সংগ্রহ এবং প্রাতিষ্ঠানিক

গবেষণার সক্ষমতাকে বলীয়ান করতে ফুলটন-মন্টগোমারি কমিউনিটি কলেজ প্রায় 2.2 মিলিয়ন মার্কিন ডলার অনুদান তহবিল ব্যবহার করার পরিকল্পনা করে। ফুলটন-মন্টগোমারি একটি প্রকল্পের নকশা করেছে যা কলেজের একাডেমিক কর্মসূচি, প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা, এবং আর্থিক স্থিতিশীলতাকে বদলে দিবে। এইসব লক্ষ্য নিয়ে কাজ করে এমন কৌশল ও কর্মকাণ্ড ফুলটন-মন্টগোমারিকে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করতে সাহায্য করবে এবং নিশ্চিত করবে যাতে এটি গ্রেটার মোহক ভ্যালির জন্য একটি অতি গুরুত্বপূর্ণ শিক্ষা ও সম্প্রদায়ের সংস্থান হয়ে থাকতে পারে।

ফুলটন-মন্টগোমারি কমিউনিটি কলেজের প্রেসিডেন্ট গ্রেগ ট্রাকেনমিলার বলেন, "সকল শিক্ষার্থীদের একাডেমিক ও ক্যারিয়ার উভয় সাধনার ক্ষেত্রে আরো সার্বিক অ্যাক্সেস, সমর্থন, ও সুযোগ প্রদানের মাধ্যমে তাদেরকে একটি সমতার শিক্ষার্থী অভিজ্ঞতা প্রদান করার আমাদের সক্ষমতাকে মার্কিন যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগের টাইটেল III অনুদানটি আরো বৃদ্ধি করবে।ফুলটন ও মন্টগোমারি উভয় কাউন্টির জন্য একাডেমিক সুযোগ উন্নত করা ও অর্থনৈতিক বিকাশ করার জন্য টাইটেল III অনুদান এবং আমাদের বর্তমান কৌশলী পরিকল্পনা একত্রে গঠিত হয়েছে।"

উন্নয়নশীল হিস্প্যানিক সেবা প্রতিষ্ঠান কর্মসূচিটি হিস্প্যানিক শিক্ষার্থীদের শিক্ষা সংক্রান্ত সুযোগ বৃদ্ধি করার জন্য এবং তাদের অর্জন উন্নত করার জন্য হিস্প্যানিক সেবা প্রতিষ্ঠানসমূহকে (Hispanic Serving Institutions, HSI) অনুদান প্রদান করে। অনুদান তহবিল HSIগুলিকে তাদের শিক্ষা সংক্রান্ত সুযোগ, কর্মসূচির মান, এবং প্রাতিষ্ঠানিক স্থিতিশীলতা সম্প্রসারিত ও উন্নত করতে দেয়। টাইটেলে V কর্মসূচির জন্য আবেদন করার জন্য প্রতিষ্ঠানগুলিকে অবশ্যই হিস্প্যানিক সেবা প্রতিষ্ঠান হওয়ার যোগ্য হিসেবে আখ্যা পেতে হবে।

SUNY ওয়েস্টচেস্টার কমিউনিটি কলেজ
SUNY ওয়েস্টচেস্টার কমিউনিটি কলেজ মার্কিন যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগ থেকে একটি টাইটেল V উন্নয়নশীল হিস্প্যানিক সেবা প্রতিষ্ঠান অনুদান পেয়েছে। কর্মসূচিটি হিস্প্যানিক সেবা প্রতিষ্ঠান হিসেবে আখ্যাপ্রাপ্ত কলেজ ও ইউনিভার্সিটিতে শিক্ষা সংক্রান্ত সুযোগ, কর্মসূচির মান, এবং প্রাতিষ্ঠানিক স্থিতিশীলতা প্রদান করার মাধ্যমে শিক্ষার্থীদের জন্য শিক্ষা সংক্রান্ত সুযোগ বৃদ্ধি করে। SUNY ওয়েস্টচেস্টার এর ভাইকিং ROADS (Viking ROADS) কর্মসূচিতে ভর্তির সংখ্যা বৃদ্ধির জন্য, "ওয়েলকাম, কন্টিনিউ এবং কমপ্লিট (Welcome, Continue and Complete)" কর্মশালা বাস্তবায়ন করা এবং ধরে রাখা, সম্পূর্ণ করা, এবং হিস্প্যানিক ও নিম্ন আয়ের শিক্ষার্থীদের বদলির আউটরিচ বৃদ্ধি করার জন্য 2.9 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান তহবিল ব্যবহার করবে। SUNY ওয়েস্টচেস্টার প্রথম SUNY প্রতিষ্ঠান হিসেবে HSI আখ্যাপ্রাপ্ত হয়। বর্তমানে, SUNY এর আটটি HSI প্রতিষ্ঠান আছে।

SUNY ওয়েস্টচেস্টার কমিউনিটি কলেজের প্রেসিডেন্ট বেলিন্ডা মাইলস বলেন, "নতুন এই অনুদানের প্রাপক হতে পেরে আমরা আনন্দিত। এটি আমাদের ক্যাম্পাসে ইতিমধ্যে চলমান প্রমাণভিত্তিক, অধিক প্রভাবের কাজের উল্লেখজনক তালিকাতে আরো সংযোজন করে এবং এটি আমাদেরকে আমাদের ভাইকিং ROADS কর্মসূচি উল্লেখজনকভাবে সম্প্রসারিত করতে দেয় যা কর্মসূচির শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশনের হার প্রায় তিনগুণ করে দিয়েছে। অনুদানটি এছাড়াও আমাদেরকে একটি নতুন ধরে রাখা এবং সম্পূর্ণ করার উদ্যোগ বাস্তবায়ন করতে দিবে,

এবং সেই সাথে আমাদের বৈচিত্র্যময় শিক্ষার্থীদের প্রয়োজন পূরণ করার ব্যাপারে অনুষদের জন্য পেশাদারি বিকাশের উল্লেখজনক সুযোগ প্রদান করবে।"

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে

স্টেট ইউনিভার্সিটি অভ নিউ ইয়র্ক, যা এই বছর এর 75 তম বর্ষপূর্তি পালন করবে, যা মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ সমন্বিত উচ্চ শিক্ষা ব্যবস্থা এবং 95 শতাংশের বেশি নিউ ইয়র্কবাসীরা SUNY এর 64টি কলেজ ও ইউনিভার্সিটির কোনো না কোনোটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো ব্যবস্থাজুড়ে SUNY এর চারটি অ্যাকাডেমিক হেলথ সেন্টার, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি ল স্কুল, স্টেটের একমাত্র অপটোমেট্রি কলেজ রয়েছে এবং এটি একটি মার্কিন এনার্জি জাতীয় গবেষণাগার বিভাগের (US Department of Energy National Laborator) ব্যবস্থাপনা করে। SUNY এর ক্রেডিট ও ক্রেডিটহীন কোর্স, কর্মসূচি, শিক্ষা চালু রাখা, এবং সম্প্রদায়ের আউটরিচ কর্মসূচির সম্পূর্ণ পোর্টফোলিওতে মোট প্রায় 1.4 মিলিয়ন শিক্ষার্থীকে সেবাদান করে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। পুরো সিস্টেমে 2022 অর্থবছরে গবেষণা ব্যয় ছিল প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে শিক্ষার্থী ও শিক্ষকদের উল্লেখযোগ্য অবদান রয়েছে। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। কিভাবে SUNY সুযোগ সৃষ্টি করে সে সম্পর্কে আরো জানতে, www.suny.edu-এ যান।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন